

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নং- ৮০.৪০১.০১১.০০.০০.০৭৯.২০১১-১২০৬

তারিখঃ ০৬ নভেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশ অনুযায়ী নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-৫৩০৬০/- ও অন্যান্য সুবিধাদিসহ সরাসরি নিয়োগের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড) পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | নাম ও স্থায়ী ঠিকানা | রেজিঃ নম্বর |
|--------------|--|-------------|
| ১. | জনাব এস.কে. সালেহ আহমেদ পিতাঃ মোঃ আব্দুস সামাদ গ্রাম-বাজার গোপালপুর, ডাকঘর-বাজার গোপালপুর উপজেলা-ঝিনাইদহ, জেলা-ঝিনাইদহ | ০০৩০৬৩ |

- এ নিয়োগ প্রারম্ভিকভাবে ২ (দুই) বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে। এই প্রারম্ভিক শিক্ষানবিসকালে তাঁর কার্যকলাপ ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাঁর শিক্ষানবিসকালের মেয়াদ বর্ধিত করা হবে। শিক্ষানবিসের মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) সমাপনান্তে তাঁর আচরণ ও কার্যকলাপ সন্তোষজনক না হলে কিংবা তাঁর কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই মর্মে প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরীর অবসান ঘটাতে পারবেন।
- তাঁর স্বাস্থ্য প্রতিবেদন, চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় এ নিয়োগ প্রদান করা হলো। ভবিষ্যতে উক্ত প্রতিবেদন ভুল প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- এ নিয়োগপত্র জারির তারিখ হতে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে চাকুরিতে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং যোগদানের তারিখ হতে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

[সুব্রত কুমার দো

উপসচিব প্রশাসন]

ফোন : ৫৫০০৬৬৩৬

নং- ৮০.৪০১.০১১.০০.০০.০৭৯.২০১১-১২০৬(১৫)

তারিখঃ ০৬ নভেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ-সিনিয়র সহকারী প্রধান, উদ্বৃত্ত কর্মচারী শাখা)।
- অতিরিক্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- উপ সচিব (অর্থ ও সেবা/বাজেট ও উন্নয়ন), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা [আদেশটি পিএসসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ]।
- উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
- সহকারী সচিব(প্রশাসন-২)/লাইব্রেরীয়ান/ জনসংযোগ কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- জনাব এস. কে. সালেহ আহমেদ, পিতা-মোঃ আব্দুস সামাদ, গ্রাম-বাজার গোপালপুর, ডাকঘর-বাজার গোপালপুর, উপজেলা-ঝিনাইদহ, জেলা-ঝিনাইদহ।

[সুব্রত কুমার দো
উপসচিব প্রশাসন]